

বৈশিষ্ট্য

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ..

NOV. 17, 2002

### মহিলা কলেজ ও প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি

বন্দরনগরী চট্টগ্রামের প্রাণকেন্দ্র এনায়েত বাজার রোডে শতাধিক বছরের ঐতিহ্যবাহী চট্টগ্রাম বৌদ্ধ বিহার এবং ডিসি পার্কের অন্তর্গত অবস্থিত এনায়েতবাজার মহিলা কলেজ ১৯৭০ সালে প্রতিষ্ঠিত হয়। এ কলেজে আড়াই হাজারের অধিক ছাত্রী বিভিন্ন বিভাগে অধ্যয়ন করছেন।

অধ্যক্ষা নিলুফার খানমের সুদক্ষ পরিচালনায় প্রায় ৬৫ জন শিক্ষিকার অধ্যাপনায় এ মহিলা কলেজে সুনামের সঙ্গে শিক্ষাক্রম চালু রয়েছে। ছাত্রীদের সুযোগ-সুবিধা বৃদ্ধিসহ অভিভাবকদের আর্থিক সাশ্রয়হেতু এ মনোরম পরিবেশ পরিবেষ্টিত মহিলা কলেজকে সরকারি-করণের ঘোষণা দেন বর্তমান গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ১৯৯৪ সালে। তখনকার বিএনপি সরকারের আমলে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন হয়নি। আওয়ামী লীগ সরকারের আমলে শিক্ষা মন্ত্রণালয় থেকে সরকারিকরণের যাবতীয় কাগজপত্র চাওয়া হয় এবং যথাসময়ে পেশ করা হয়; কিন্তু আজ অবধি এ কলেজটি সরকারিকরণ করা হয়নি। অবিলম্বে এ মহিলা কলেজটি সরকারিকরণে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তার দেয়া প্রতিশ্রুতি পূরণের জন্য আকুল আবেদন জানাচ্ছি।

সুমিত্র বিকাশ বড়ুয়া  
সিনিয়র সহ-সভাপতি

বাংলাদেশ বৌদ্ধ সমিতি-যুব,  
চট্টগ্রাম বৌদ্ধবিহার, নন্দনকানন,  
চট্টগ্রাম।